নমুনা প্রশ্ন

# বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : এসএসসি ১৬৫৭

সৃজনশীল রচনামূলক

**সময় : ২ ঘন্টা ১০ মিনিট** **পূর্ণমান : ৬০**

**[যেকোন ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পুর্ণমান জ্ঞাপক]**

**নিচের অনুচ্ছেদগুলো পড়ুন এবং প্রশ্নগুলোর উত্তর দিন**

১. পূর্ণিকা বড়ুয়া একজন সুন্দরী মেয়ে। তিনি যথাসময়ে পড়ালেখা সমাপ্ত করলে মা-বাবা তাকে বিয়ে দিয়ে দেন। দীর্ঘদিন ধরে তার কোনো সন্তান হয়নি। একদিন গভীর রাতে স্বপ্ন দেখলে তিনি তার স্বামীকে অবহিত করলেন। স্বামী তাকে সুসংবাদ আছে বলে জানায়।

ক. কপিলাবস্তু কেমন রাজ্য ছিল? ১

খ. সকল রাজ জ্যোতিষীরা কী বললেন? আলোচনা করুন। ২

গ উপরি-উল্লিখিত ঘটনার সাথে কোন ঘটনার তুলনা করা হয়েছে। ৩

ঘ. পূর্ণিকা বড়ুয়ার স্বামী কী ধরনের সুসংবাদের কথা বলেন-উপস্থাপন করুন। ৪

২. তথ্য ছক

| ক্রমিক নং | বিষয় | যাদের জন্য প্রযোজ্য |
|---|---|---|
| ১. | পঞ্চশীল | গৃহী |
| ২. | অষ্টশীল | উপোসথকারী |
| ৩. | দশশীল | শ্রামণ |

ক. শীল বলতে কী বুঝ? ১

খ. শীলের গুরুত্ব তুলে ধর। ২

গ. প্রদর্শিত তথ্য ছকটি কাদের ক্ষেত্রে প্রযোজ্য? ব্যাখ্যা করুন। ৩

ঘ. তথ্য ছকের সাথে আপনি একমত কিনা ? আলোচনা করুন। ৪

৩. প্রজ্ঞাদর্শী ভিক্ষু এক ধর্ম সম্মেলনে দেশনায় সূত্র পিটকের অন্তর্গত ধর্মপদ নামক গ্রন্থে বর্ণিত মন সম্পর্কে এরূপ বলেন ;

মনো পুব্বঙ্গমা ধম্মা মনোসেট্‌ঠা মনোমযা
মনসা চ পসন্নেন ভাসতি বা করোতি বা
ততো ন সুখমন্বেতি ছায়াব অনুপায়িনী।

বুদ্ধ বলেছেন, মানুষ মাত্রই নিজ নিজ কর্মের ফল ভোগ করে। ভালো কাজের ভালো ফল এবং মন্দ কাজের মন্দ ফল ভোগ করতে হবেই।

ক. বৌদ্ধধর্মের মূলভিত্তি কি? ১

খ. চেতনার উৎপত্তিস্থল কোথায়? ব্যাখ্যা করুন। ২

গ. প্রজ্ঞাদর্শী ভিক্ষু তাঁর দেশনায় কিসের ইঙ্গিত প্রদান করেন। বর্ণনা করুন। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত বুদ্ধের দেশনা অনুসারে মন সংযতকরণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করুন ৪

৪. বিলাস বড়ুয়া ও তার স্ত্রী সোমা বড়ুয়া দুজনেই অত্যন্ত ধর্মপরায়ন। সংসারী হলেও তারা সবসময় দান, শীল ও ভাবনায় নিবেদিত থাকেন। একসময় তারা উভয়েই অনন্ত জীবনের সাধনায় পরম সম্বোধিজ্ঞান লাভে অঙ্গীকারবদ্ধ হলেন। সংসার ত্যাগ করে উভয়ে সন্ন্যাস ধর্ম গ্রহণ করলেন। তারা পৃথকভাবে অবস্থান করে স্ব স্ব সাধনার মাধ্যমে জীবন অতিবাহিত করেন।

ক. পারমী শব্দের অর্থ কী? ১
খ. কিভাবে অর্হত্বফল লাভ করা যায়? ২
গ. 'বিলাস বড়ুয়ার অঙ্গীকারবদ্ধ সাধনা' বৌদ্ধ সাহিত্যে বর্ণিত কোন সাধনার সাথে সঙ্গতিপূর্ণ -ব্যাখ্যা করুন। ৩
ঘ. আপনার পাঠ্যবই অবলম্বনে বুদ্ধত্ব লাভের সাধনা - জগতের কী কল্যাণ করতে পারে বলে আপনি মনে করেন, যুক্তি সহকারে আলোচনা করুন। ৪

৫. বাবুল চৌধুরী তার ধর্মগুরুর নিকট ধর্মোপদেশ শুনছিল। গুরুদেব বলছিলেন-সকলের প্রতি বন্ধুত্বপূর্ণ সদয় ব্যবহার করা উচিত। সবাই একত্রিত হয়ে আলাপ-চারিতার মাধ্যমে সিদ্ধান্ত নিতে হয়। গার্হস্থ্য জীবনে বয়োবৃদ্ধদের সম্মান করা, গৌরব প্রদর্শন করা, পূর্বপুরুষদের নির্মিত চৈত্যের সংস্কার করা, পূজা-সৎকার করা উচিত। এতে সবাইর শ্রীবৃদ্ধি সাধিত হয়, পরিহানি হয় না।

ক. লিচ্ছবীরাজ কোথায় প্রজাদের সম্মিলিত করেছিলেন? ১
খ. ভিক্ষুদের চতুর্প্রত্যয় বলতে কী কী বোঝায়? ২
গ. বাবুল চৌধুরীকে তার ধর্মগুরু কী কী উপদেশ দিয়েছিলেন? যথাযথ লিখুন। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী সপ্ত অপরিহানীয় ধর্মের ধারাবাহিক বর্ণনা দিন। ৪

৬. বৌদ্ধধর্মে সংঘদানের গুরুত্ব অপরসীম। সংঘদানের যাবতীয় দ্রব্য প্রফুল্ল চিত্তে সংগ্রহ করতে হয়। ভিক্ষুর সম্মুখে খাদ্য ভোজ্য, বস্ত্রাদি সাজিয়ে পঞ্চশীল গ্রহণ করতে হয়। সংঘদান গৃহেও করা যায়। তাতে আত্মীয়-স্বজন বন্ধু-বান্ধবকে আমন্ত্রণ করা যায়। দানাদি কাজ সম্পাদানে অংশ গ্রহণের মাধ্যমে পারস্পারিক সহায়তা, সহযোগিতা ও সান্নিধ্য লাভ করা যায়। সংঘদানে 'ইমং ভিক্খং সপরিক্খারং ভিক্খুসংঘস্স দেম, পূজেম' ।-এ বাক্যটি তিনবার বলতে হয়।

ক. সংঘদান কাকে বলে? ১
খ. সংঘদান কেন করা হয়? ২
গ. উদ্দীপকের আলোকে সংঘদান কিভাবে করা যায়? ব্যাখ্যা করুন। ৩
ঘ. উদ্দীপকে প্রদত্ত সংঘদান দেওয়ার পালি বাক্যটি অনুবাদসহ উল্লেখ করুন। ৪

৭. সুজাতা একজন ধর্মপ্রাণ মহিলা। তিনি একদিন বিহারে গিয়ে ভিক্ষুর নিকট 'নির্বাণ' সম্পর্কে জানতে চাইলেন। ভিক্ষু তাকে নির্বাণ সম্পর্কে ধারণা দিতে গিয়ে বললেন- বুদ্ধের প্রচারিত ধর্মবাণীর মধ্যে নির্বাণই সর্বশ্রেষ্ঠ। ভববন্ধন থেকে মুক্তির একমাত্র উপায়। নির্বাণ দুই প্রকার: যথা: সোপাদিশেষ নির্বাণ ও অনুপাদিশেষ নির্বাণ। আয়ুষ্কাল বর্তমান থাকতেই সোপাদিশেষ নির্বাণ লাভ করা যায়। অনুপাদিশেষ নির্বাণ হচ্ছে দেহত্যাগের পর পরিনির্বাপিত হয়ে বিমুক্তি লাভ করার নামই অনুপাদিশেষ নির্বাণ।

ক. বৌদ্ধধর্মের মূল ভিত্তি কি? ১
খ. নির্বাণ কী? ২
গ. উদ্দীপকের আলোকে সোপাদিশেষ নির্বাণ ও অনুপাদিশেষ নির্বাণের মধ্যে পার্থক্য নির্দেশ করুন। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী নির্বাণের একটি স্বচ্ছ ধারণা দিন। ৪

৮. নিলয় বড়ুয়ার সংসারে তিনিই গৃহকর্তা। সংসারের কল্যাণে ও প্রয়োজনে তাঁর স্ত্রী, পুত্র, কন্যারা তাঁর কাছে বিভিন্ন সমস্যা তুলে ধরেন। তিনি তাদের সবার সাথে আলোচনার মাধ্যমে সমস্যাগুলো যাচাই-বাছাই করেন। অবশেষে তা অনুমোদন করেন।

ক. মহেন্দ্র ও সংঘমিত্রা কে ছিলেন? ১
খ. দুর্বিনীতি ভিক্ষু সুভদ্রের উক্তি কী ছিল? ২
গ. উদ্দীপকে বর্ণিত নিলয় বড়ুয়ার অনুমোদনের বিষয়টি কোন কর্মকাণ্ডের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা করুন। ৩
ঘ. উক্ত কর্মকাণ্ডের ধর্মীয় গুরুত্ব বিশ্লেষণ করুন। ৪

৯. বিশ্ববিদ্যালয়ের পালি এণ্ড বুদ্ধিস্ট স্টাডিজ বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীরা কুমিল্লার বৌদ্ধ ঐতিহাসিক স্থান ময়নামতি দর্শনে যায়। শিক্ষক-শিক্ষিকারা ময়নামতির ঐতিহাসিক গুরুত্ব ও দর্শনীয় বিষয়গুলো শিক্ষার্থীদের নিকট তুলে ধরেন। ঐতিহাসিক স্থান পরিদর্শনে দেশপ্রেম জাগ্রত হয়। শিক্ষার্থীদের আরো বুঝিয়ে দেন যে চন্দ্রবংশীয় রাজারা একত্রে ১৫০ বছর ধরে ঢাকা, কুমিল্লা, বরিশাল, চট্টগ্রামসহ বিশাল উত্তর-পূর্ববঙ্গ শাসন করেছিলেন। এতে শিক্ষার্থীরা দর্শনীয় স্থান, স্তূপ, বিহারের ধবংসাবশেষ, তাম্রলিপি প্রভৃতি দেখে ময়নামতির শিক্ষাণীয় বিষয় অনুধাবন করতে সক্ষম হয়।

ক. প্রাচীন কালে ময়নামতি অঞ্চল কী নামে খ্যাত ছিল? ১
খ. প্রাচীন স্থাপত্য-নিদর্শনের কয়েকটি উদাহরণ দিন। ২
গ. উদ্দীপক অনুযায়ী ঐতিহাসিক স্থানের গুরুত্ব ব্যাখ্যা করুন। ৩
ঘ. চন্দ্রবংশীয় রাজাগণের শাসন সম্পর্কে আলোচনা করুন। ৪

# বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

## বিষয় কোড : এসএসসি ১৬৫৭

## সৃজনশীল বহুনির্বাচনী অভিক্ষা

**সময় : ৪০ মিনিট** **পূর্ণমান : ৪০**

**[সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১]**

১. ইক্ষাকুরা এসেছিলেন -
ক. সূর্যবংশ থেকে খ. ক্ষত্রিয় বংশ থেকে
গ. পালবংশীয় থেকে ঘ. সেনবংশীয় থেকে

২. স্বগোত্রের প্রধানকে রাজা নির্বাচন করতেন -
i শাক্যরা
ii চন্দ্রবংশরা
iii ইক্ষাকুবংশরা
নিচের কোনটি সঠিক?
ক. i খ. ii
গ. ii ও iii ঘ. i ii ও iii

৩. রাহু জন্মেছে, বন্ধন উৎপন্ন হয়েছে' – উক্তিটি কার?
ক. কুমার সিদ্ধার্থের খ. কুমার নন্দের
গ. রাজা শুদ্ধোদনের ঘ. রাজা প্রসেনজিতের

৪. পঞ্চবর্গীয় শিষ্যরা হলেন -
i কৌণ্ডিন্য, বপ্প, অশ্বজিৎ, মহানাম এবং ভদ্রিয়

ii কৌণ্ডিন্য, বপ্প, অশ্বজিৎ, সদারাম এবং ভদ্রিয়
iii কৌণ্ডিন্য, বপ্প, অশ্বজিৎ, মহানাম এবং কাশ্যপ
নিচের কোনটি সঠিক?

ক. i　　খ. ii
গ. ii ও iii　　ঘ. i ii ও iii

৫. বুদ্ধের প্রথম ধর্মদেশনা -
ক. ধর্মকথা চক্র নামে খ্যাত　　খ. ধর্মচক্র প্রবর্তন সূত্র নামে খ্যাত
গ. চারি আর্য সত্য কথা নামে খ্যাত　　ঘ. অষ্টবিধ মার্গ নামে খ্যাত

৬. গৌতমীর নেতৃত্বে ভিক্ষুণী হন-
i পাঁচশত শাক্যবংশীয় মহিলা
ii সাতশত শাক্যবংশীয় মহিলা
iii নয়শত শাক্যবংশীয় মহিলা

নিচের কোনটি সঠিক?

ক. i　　খ. ii
গ. ii ও iii　　ঘ. i ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ৭নং প্রশ্নের উত্তর দিন?

মানসী বৌদ্ধ তীর্থ, মহাতীর্থ ও ঐতিহাসিক স্থান দর্শনের জন্য ভারতে গিয়েছিলেন। তিনি সর্ব প্রথম বুদ্ধের বুদ্ধত্বলাভের স্থানে গিয়ে বন্দনা করে কিছুক্ষণ ধ্যানে রত থাকেন। পরবর্তীতে অন্যান্য তীর্থস্থান ও ঐতিহাসিক স্থানসমূহ ক্রমান্বয়ে দর্শন করেন।

৭. মানসী সর্বপ্রথম বৌদ্ধ তীর্থস্থান দর্শন করেন−
i. সারনাথ　　ii. লুম্বিনী
iii. বুদ্ধগয়া

নিচের কোনটি সঠিক

ক. i ও ii　　খ. i
গ. iii　　ঘ. i ও iii

৮. আপনারা নিজেরা নিজেদের আশ্রয়স্থল, উক্তিটি কার-
ক. নন্দ　　খ. দেবদত্ত
গ. আনন্দ　　ঘ. বুদ্ধ

নিচের ছকটি পড়ে ৯নং এবং ১০নং প্রশ্নে উত্তর দিন।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| জরাগ্রস্থ হব না, চির যৌবনপ্রাপ্ত হব | | ব্যাধিতে আক্রান্ত হব না | | ? | | অক্ষয় সম্পদ যেন লাভ করি |

৯. " ? " স্থানে কি নির্দেশ করে?
ক. মৃত্যু কোনো দিন সিদ্ধার্থের জীবন কেড়ে নেবে না
খ. সিদ্ধার্থ সংসাবে আবদ্ধ হবে না
গ. সিদ্ধার্থ দুর্বল হবে না
ঘ. সিদ্ধার্থ পুত্র লাভ করবে না

১০. উক্ত ঘটনায় জানা যায়-

i সকলকে মরতে হবে।

ii জীবন ক্ষণস্থায়ী

iii জন্ম নিলে মরতে হবে

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii

গ. ii ও iii ঘ. i ii ও iii

১১. মানুষের সব ধরনের সম্পদের মধ্যে শ্রেষ্ঠসম্পদ হলো -

ক. বিনয় খ. চরিত্র

গ. আচরণ ঘ. নিজ কর্ম

১২. শীলপালনে মানুষের-

i. সকল প্রকার অশুভ চিন্তা দূর হয়

ii. সকল প্রকার ঘৃণা দূর হয়

iii. মনের বিদ্বেষ বৃদ্ধি পায়

নিচের কোনটি সঠিক?

ক. i খ. i ও ii

গ. i ও iii ঘ. i ii ও iii

১৩. নৈতিক উৎকর্ষতার অন্যতম ভিত্তি -

ক. অলোভ খ. প্রব্রজ্যা জীবন

গ. বিনয় ঘ. শীল

১৪. গৃহীরা পালন করে

i. পঞ্চশীল

ii. অষ্টশীল

iii. দশশীল

নিচের কোনটি সঠিক?

ক. i খ. i ও ii

গ. ii ও iii ঘ. i ii ও iii

১৫. নৈতিক শিক্ষা মানুষের জ্ঞানকে -

ক. সমৃদ্ধ করে খ. মহৎ করে

গ. উন্নত করে ঘ. জাগ্রত করে

১৬. মনুষ্যত্ব অর্জন করতে হয় -

i. নৈতিক জীবন যাপনের মাধ্যমে

ii. সত্য ও সুন্দর আচরণের মাধ্যমে

iii. ভদ্রতার মাধ্যমে

নিচের কোনটি সঠিক?

ক. i খ. i ও ii

গ. ii ও iii ঘ. i ii ও iii

১৭. পঞ্চশীলে কয়টি সদাচার পদ্ধতি রয়েছে-

ক. পঞ্চবিধ খ. দশবিধ

গ. সপ্তবিধ ঘ. অষ্টবিধ

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮নং ও ১৯নং প্রশ্নে উত্তর দিন।

বি এন প্রত্যয় বড়ুয়া নীতিবান, আদর্শবান এবং বিনয়ী ছাত্র। সবাই তাকে আদর ও স্নেহ করে। কারণ সে প্রতিদিন সকাল এবং সন্ধ্যায় একাগ্রচিত্তে এক ধরনের শীলপালন করে।

১৮. বি এন প্রত্যয় বড়ুয়া কি ধরনের শীলপালন করে -

i. অষ্টশীল
ii. পঞ্চশীল
iii. গৃহীশীল

নিচের কোনটি সঠিক?

ক. i খ. i ও ii
গ. ii ও iii ঘ. i ii ও iii

১৯. উপোসথ শীল বলা হয় -

ক. দশশীলকে খ. পঞ্চশীলকে
গ. অষ্টশীলকে ঘ. গৃহীশীল

২০. মুসাবাদা বেরমণী সিক্‌খাপদং সমাদিযামি অর্থাৎ

i. মিথ্যাবাক্য বলা থেকে বিরত থাকার শিক্ষাপদ গ্রহণ করছি।
ii. প্রাণীহত্যা থেকে বিরতি থাকার শিক্ষাপদ গ্রহণ করছি।
iii. বিকাল ভোজন হ তে বিরত থাকার শিক্ষাপেদ গ্রহণ করছি।

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii
গ. ii ও iii ঘ. i ii ও ii

২১. প্রব্রজিতদের প্রতিদিন প্রতিপালন করতে হয় -

ক. সাতটি নিয়ম খ. ছয়টি নিয়ম
গ. দশটি নিয়ম ঘ. আটটি নিয়ম

২২। বোধিসত্ত প্রতিটি জন্মে-

ক. কুশলকর্ম সম্পাদন করতেন খ. মন্দকর্ম সম্পাদন করতেন
গ. চিত্রকর্ম সম্পাদন করতেন ঘ. সামাজিক কর্ম সম্পাদন করতেন

২৩. কর্মবাদ হলো -

ক. শিখ ধর্মের মূলভিত্তি খ. ইসলাম ধর্মের মূলভিত্তি
গ. খ্রিস্টান ধর্মের মূল ভিত্তি ঘ. বৌদ্ধধর্মের মূল ভিত্তি

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৪নং প্রশ্নেরউত্তর দিন।

দীপাঞ্জলী বড়ুয়া তীর্থভ্রমণে গিয়ে বুদ্ধগয়ার বোধিমূলে কিছুক্ষণ ধ্যানরত ছিলেন। ধ্যান থেকে উঠে সিদ্ধার্থ গৌতম বৃক্ষমূলে যে আসনে বসে বুদ্ধত্বলাভ করেছিলেন, সেটি দেখতে পেলেন। তিনি আসনটি শ্রদ্ধার সাথে এক নজরে দেখতে লাগলেন।

২৪. আসনটির নাম হচ্ছে–

i. দিব্যাসন ii. বজ্রাসন
iii. উচ্চাসন

নিচের কোনটি সঠিক

ক. i খ. ii
গ. iii ঘ. i ও iii

২৫. কুশলকর্ম সম্পাদন করতে দরকার কর -
ক. কুশল চিত্ত খ. লোভহীন চিত্ত
গ. মোহহীন চিত্ত ঘ. দ্বেষহীন চিত্ত

নিচের অনুচ্ছেদ পড়ে ২৬নং প্রশ্নের উত্তর দাও।

দায়ক-দায়িকা : বিহারে গিয়ে ত্রিরত্ন বন্দনা করে বিহারের ভিক্ষুকে বন্দনা করে পাশে উপবেশন করে প্রশ্ন করেন- ভন্তে ! গুরু কর্ম, আসন্ন কর্ম, আচরিত কর্ম এবং উপচিত কর্ম কী?

ভান্তে : জন্মক্ষণে এই চার রকমের কর্ম ফল প্রদান করে। জন্ম পরবর্তী সময়ে মানুষ মাত্রই বিভিন্ন কর্ম সম্পাদন করে।

২৬. ভান্তের দেশনায় উদ্ধৃতাংশে কীসের প্রকাশ পেয়েছে-
ক. জন্মক্ষণের শ্রেণি বিভাজন খ. করণীয় কর্মের শ্রেণি বিভাজন
গ. ইহজন্মের কর্মের শ্রেণি বিভাজন গ. কুশল-অকুশ কর্মের শ্রেণি বিভাজন

২৭. কর্মের ফল -
ক. ফলযোগ্য খ. অখণ্ডনীয়
গ. ভোগনীয় ঘ. সহনীয়

২৮. মানুষের চালিকা শক্তি হলো -
i. কর্ম
ii. ধর্ম
iii. ধর্ম ও কর্ম
নিচের কোনটি সঠিক?
ক. i খ. ii ও iii
গ. ii ও iii ঘ. i ii ও iii

২৯. পৃথিবীতে সকল মানুষ -
ক. এক এবং অভিন্ন খ. একই
গ. সমান নয় ঘ. ভালো-মন্দ উভয়ই

৩০. কর্ম প্রাণীগণকে -
i. নানাভাবে বিভাজন করে
ii. উচুঁ-নিচুভাবে বিভাজন করে
iii. হীন-শ্রেষ্ঠভাবে বিভাজন করে
নিচের কোনটি সঠিক?
ক. i খ. ii ও iii
গ. ii ও iii ঘ. i ii ও iii

৩১. কর্ম সম্পর্কে বুদ্ধ দেশনা করেছেন -
ক. অঙ্গুলিমাল সূত্রে খ. ব্রহ্মজাল সূত্রে
গ. চুল্লকর্ম বিভঙ্গ সূত্রে ঘ. বাসেট্ঠ সূত্রে

৩২. জীবগণ কিসের উত্তরাধিকারী-
i. ধর্মের
ii. কর্মের
iii. আচার-আচণের
নিচের কোনটি সঠিক?
ক. i খ. ii
গ. ii ও iii ঘ. i ii ও iii

৩৩. 'সঙ্গীতি' শব্দের অর্থ-

ক. বন্ধুত্ব করা
খ. সভা বা সম্মেলন
গ. আলোচনা সভা
ঘ. বসে বসে গল্প করা

৩৪. 'শ্রামণ' শব্দের অর্থ কী?

ক. শমগুণ বা দশগুণ
খ. অশমগুণ বা অলসগুণ
গ. চিত্তগুণ বা চৈতসিকগুণ
ঘ. পানীয়গুণ বা চেতনাগুণ

৩৫. বুদ্ধ বৈশালীর চতুর্দিকে 'রতন সূত্র' পাঠ করার জন্য আদেশ দিয়েছিলেন–

i. মহাকাশ্যপ স্থবিরকে
ii. যশস্থবিরকে
iii. আনন্দ স্থবিরকে

নিচের কোনটি সঠিক?

ক. i.
খ. ii.
গ. iii.
ঘ. i ও ii.

৩৬. দানের সাথে কোন বিষয়টি নিবিড়ভাবে জড়িত?

ক. আত্মত্যাগ
খ. স্বত্ত্বত্যাগ
গ. নিঃশ্বাসত্যাগ
ঘ. আলস্যত্যাগ

৩৭. ভিক্ষু-শ্রমণদের প্রয়োজনীয় অষ্টবিধ বস্তুকে অষ্টপরিষ্কার বলা হয়। তন্মধ্যে ত্রিচীবর অত্যন্ত গুরুত্বপূর্ণ। ত্রিচীবর হচ্ছে–

i.সংঘাটি
ii.উত্তরাসঙ্গ
iii.অন্তর্বাস
iv পাত্র

নিচের কোনটি সঠিক?

ক. i.
খ. i. ও ii.
গ. i, ii, iii.
ঘ. i ও iii

৩৮. লুম্বিনীর প্রকৃত সন্ধান কে করেছিলেন?

ক. কানিংহাম
খ. কার্লাইল
গ. ড. ফুলার
ঘ. জেনিংহাম

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৯নং প্রশ্নে উত্তর দিন।

আমরা কয়েকজন মিলে পাহাড়পুর ধ্বংসপ্রাপ্ত বৌদ্ধ ইতিহাস প্রসিদ্ধ সোমপুর বিহারের ভিতরের চারদিকে ঘুরে দেখেছি। প্রাচীন বিহারের ধ্বংসাবশেষ দেখে মুগ্ধ হয়েছি । এত বড় বিশাল বৌদ্ধবিহার বাংলাদেশের আর কোথাও ছিল না। সেই স্মৃতি এখনো মনে পড়ে।

৩৯. পাহাড়পুরের সোমপুর বিহার নির্মাণ করেন–

i. রাজা ধর্মপাল
ii. রাজা দেবপাল
iii. রাজা গোপাল

নিম্নের কোনটি সঠিক

ক. i
খ. i ও ii
গ. iii
ঘ. ii ও iii

৪০. নির্গ্রন্থ বলতে কী বোঝায় ?

ক. গ্রন্থ কীটকে বোঝায়
খ. গ্রন্থ ধূরকে বোঝায়
গ. জ্ঞানীদেরবোঝায়
ঘ. গ্রন্থ হীনকে বোঝায়